“আল্লাহ এমন ব্যক্তির প্রতি রহমত বর্ষণ করেন যে নম্রতার সাথে ক্রয়-বিক্রয় করে ও পাওনা ফেরত চায়।”

জাবির ইবনু আব্দুল্লাহ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “আল্লাহ এমন ব্যক্তির প্রতি রহমত বর্ষণ করেন যে নম্রতার সাথে ক্রয়-বিক্রয় করে ও পাওনা ফেরত চায়।” [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

যে ব্যক্তি ক্রয়-বিক্রয়ে সহজ, অনুগ্রহশীল ও উদার হয়, তার জন্য নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম দু‘আ করেছেন। কেননা সে মূল্যের ব্যাপারে ক্রেতার সাথে কঠোরতা করে না এবং তার সাথে সুন্দর আচরণ করে। যখন সে ক্রয় করে তখনও সহজ, উদার ও দানশীল হয়; ফলে পণ্যের মূল্যের ব্যাপারে কৃপণতা করে না এবং কম দেয় না। যখন কারো কাছে ঋণ পায় তখন তা আদায়ে সহজ, অনুগ্রহশীল ও উদার হয়। সুতরাং ফকির ও অভাবী মানুষের সাথে কঠোরতা দেখায় না; বরং নম্রতা ও অনুগ্রহের সাথে তার কাছে পাওয়ানা খুঁজে এবং অভাবগ্রস্তকে অবকাশ দেয়।

http://sunnah.global/hadeeth/bn/show/3716